# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোনঃ ০২২২৩৩৬৯৩১; ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd


## কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-০৭/২০২৩ তারিখঃ ১৪.১২.২০২৩

১। মহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা
২। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয় ঃ ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ ভিত্তিক অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রসঙ্গে**

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল, ২০১০(১ম খন্ড) এর (১৪.০১ হতে ১৪.২২) এবং (১৫.০১ হতে ১৫.০৮) নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সকল শাখাকে ম্যানুয়েলে বর্ণিত অনুচ্ছেদসমূহের ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশনা এবং সর্বোপরি আইসিটি সিস্টেমস বিভাগ এর নির্দেশনানুযায়ী অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ৩১ ডিসেম্বর ২০২৩ সম্পন্ন করতে হবে।

০৩। হিসাব সমাপনীর সুবিধার্থে নিম্নবর্ণিত দিক-নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সকলকে পরামর্শ দেয়া হলো ঃ

৩.০১। **২১-চলতি আমানত হিসাব ঃ**

সকল চলতি হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৩০০/- টাকা এবং উক্ত ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবদ ৪৫/- টাকাসহ সর্বমোট ৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ) টাকা আদায় করতে হবে। কোন চলতি হিসাবের স্থিতি ৩০০/- টাকা বা কম থাকলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ২১-চলতি হিসাব | ৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি) |
| | ৪১/১০ক (ভ্যাট) |

সূত্র নং- প্রকা/(হিসাব-১) পরিপত্র নং-৪/২০২১ তারিখঃ ২৭.০৬.২০২১।

৩.০২। **২২-সঞ্চয়ী আমানত হিসাব ঃ**

ক) প্রতি মাসের ন্যূনতম স্থিতিকে ভিত্তি ধরে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন অংকের স্থিতির উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে হিসাব ম্যানুয়েল ২০১০ এর অনুচ্ছেদ নং ১৯.১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে। সর্বনিম্ন সুদের পরিমাণ হবে ১০/- টাকা। সুদের উপর উৎসে কর কর্তনের ক্ষেত্রে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/অংশ-২/২০২২-২৩/২৫ তারিখ-০৭.০৭.২০২২ এবং পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২৩/৩৩২ তারিখ-২৫.১০.২০২২ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সঞ্চয়ী আমানত হিসাবের উপর ছকে উল্লিখিত হারে সুদ ধার্য করতে হবে ঃ

| সময়কাল | গ্রাম/শহর | সুদের হার |
|---|---|---|
| ০৫.০২.২০১৭ তারিখ হতে চলমান | গ্রাম ও শহর নির্বিশেষে | ৩.৫০% |

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৭ তারিখঃ ৩১-০১-২০১৭, ০৭/২০১৮ তারিখ ১৬-০১-২০১৮ এবং হিসাব পরিপত্র নং-০৭/২০১৮ তারিখ ০১-০৩-২০১৮।

খ) সঞ্চয়ী আমানত হিসাবসমূহের গড় স্থিতির উপর উপর নিম্নোক্ত হারে একাউন্ট মেইনটেনেন্স ফি আদায় করতে হবে ঃ

- ১০,০০০/- টাকা পর্যন্ত ঃ শুণ্য
- ১০,০০১/- হতে ২৫,০০০/- টাকা পর্যন্ত ঃ ১০০/- টাকা
- ২৫,০০১/- হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ঃ ২০০/- টাকা
- ২,০০,০০১/- হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ঃ ২৫০/- টাকা
- ১০,০০,০০১/- টাকার অধিক ঃ ৩০০/- টাকা

গ) এতদবিষয়ে ব্যাংকের **Schedule of Charges** অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

চলমান পাতা-০২

ঘ) উপরোক্ত ক, খ এর ক্ষেত্রে হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ২২-সঞ্চয়ী হিসাব |
| ২২-সঞ্চয়ী হিসাব | ৪১/১৬ (উৎসে আয়কর) |
| | ৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি) |
| | ৪১/১০ক (ভ্যাট) |

সূত্র নং- প্রকা/(হিসাব-১)পরিপত্র নং-৪/২০২১ তারিখ ঃ ২৭.০৬.২০২১।

৩.০৩। <u>২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) হিসাব</u> ঃ

স্পেশাল নোটিশ ডিপোজিট(এসএনডি)-এ দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ প্রদান করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে। এসএনডি হিসাব পরিচালনা ও এর উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১০ তারিখঃ ১১.০৮.২০১০-এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। ষান্মাসিক ভিত্তিতে প্রতিটি হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৫০০/- টাকা ও ভ্যাট বাবদ ৭৫/- সর্বমোট ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- (পাঁচশত) টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এসএনডি হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লিখিত হারে সুদ ধার্য করতে হবে ঃ

| সময়কাল | স্তর | সুদের হার |
|---|---|---|
| ০১.০৩.২০২২ তারিখ হতে চলমান | ক. ১.০০ কোটি টাকার কম | ২.৫০% |
| | খ. ১.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ২৫.০০ কোটি টাকার কম | ২.৭৫% |
| | গ. ২৫.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৫০.০০ কোটি টাকার কম | ৩.০০% |
| | ঘ. ৫০.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ১০০.০০ কোটি টাকার কম | ৩.২৫% |
| | ঙ. ১০০.০০ কোটি ও তদূর্ধ্ব | ৩.৫০% |

সূত্র নং-ডিএমডি(২) পরিপত্র নং-০১/২০২২ তারিখ ২৮.০২.২০২২।

৩.০৪। <u>২৩-স্থায়ী আমানত হিসাব</u> ঃ

ক. অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীকালে মেয়াদপূর্ণ স্থায়ী আমানত হিসাবসমূহের উপর সুদ ধার্য করে যথাযথ খাতে হিসাবভুক্ত করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/..... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ২৩-স্থায়ী আমানত হিসাব |
| ২৩-স্থায়ী আমানত হিসাব | ৪১/১৬-উৎসে আয়কর |

খ. মেয়াদপূর্ণ হয় নাই এমন হিসাবের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত দিনের সংখ্যা হিসাব করে নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে উক্ত টাকা প্রভিশন করতে হবে। **<u>প্রভিশন করার ক্ষেত্রে অত্র বিভাগ হতে ২৫.০৪.২০১৮ তারিখে জারীকৃত পত্র নং প্রকা/হিসাব-১/১(৪)/২০১৭-১৮/১২৯১ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রভিশনকৃত সুদের উপর উৎসে কর কর্তন করা যাবে না</u>**। প্রভিশন সুদের হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/..... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ৪১-স্থায়ী আমানতের প্রদেয় সুদ হিসাব |

৩.০৫। <u>২৩০-স্টুডেন্ট সেভিংস একাউন্ট</u> ঃ

স্টুডেন্ট সেভিংস একাউন্টে জমাকৃত টাকার উপর ব্যাংকের নির্ধারিত সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য সুদ হার অপেক্ষা ১% বেশি হারে সুদ প্রদান করতে হবে। এরূপ হিসাবসমূহ হতে সরকারি ফি (উৎসে কর, আবগারী শুল্ক) ব্যতীত অন্য কোন প্রকার সার্ভিস চার্জ/একাউন্ট মেইনটেনেন্স ফি আদায় করা যাবে না।
সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০৪/২০২৩ তারিখঃ ২৩.০৭.২০২৩।

৩.০৬। <u>সকল ধরনের স্কীম (২৩/১, ২৩/২, ২৩/৩, ২৩/৪, ২৩/৫, ২৩/৬, ২৩/৭, ২৩/৮, ২৩/৯, ২৩/১০, ২২২, ২২৩, ২২৫, ২২৬, ২২৭, ২২৮, ২২৯, ২৩১, ২৩২, ২৩৩, ২৩৭ এবং অন্যান্য)</u> ঃ

**প্রভিশন করার ক্ষেত্রে অত্র বিভাগ হতে ২৫.০৪.২০১৮ তারিখে জারীকৃত পত্র নং প্রকা/হিসাব-১/১(৪)/২০১৭-১৮/১২৯১ এর সুদ হিসাবায়ন করে সঠিকভাবে প্রভিশন করতে হবে মর্মে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। প্রভিশনকৃত সুদের উপর উৎসে কর কর্তন করা যাবে না।**

চলমান পাতা-০৩

৩.০৭। <u>সঞ্চয় স্কীমসমূহের দেয়/মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে স্পষ্টীকরণ</u> ঃ

পত্র নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১৬১৪ তারিখ ২৪.০৫.০৯ এর মাধ্যমে বিকেবি কর্তৃক প্রণীত সঞ্চয় স্কীমসমূহের দেয়/ মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হয়েছে।

বিকেবি'র মাসিক কিস্তিভিত্তিক সকল সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাব খোলার তারিখকে ভিত্তি হিসাবে ধরে শেষ কিস্তি জমা দেয়ার পরবর্তী মাসে হিসাব খোলার তারিখে কিংবা পরবর্তী কর্মদিবসে স্কীমের অর্থ সুদ আসলে (অন্যান্য শর্ত পুরণ সাপেক্ষে) আমানতকারীকে প্রদান করতে হবে। উদাহরণস্বরূপঃ আমানতকারী যদি হিসাব খোলার সময় ১ম কিস্তির টাকা ৮ তারিখে জমা করেন তাহলে ৫ বছর মেয়াদী সঞ্চয় স্কীমের ক্ষেত্রে ৬১তম মাসের ৮ তারিখ বা তৎপরবর্তী কর্মদিবসে আমানতের টাকা সুদ আসলে প্রদেয় হবে। এখানে উল্লেখ্য যে, শেষ কিস্তির টাকা যদি হিসাব খোলার তারিখের পরবর্তী কোন তারিখে জমা হয়ে থাকে সে ক্ষেত্রে শেষ কিস্তির টাকা জমার ৩০ দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী তারিখে আমানতকারীকে সুদাসলে সমুদয় টাকা প্রদেয় হবে।

৩.০৮। <u>আমানতের সুদের উপর উৎসে আয়কর কর্তন</u> ঃ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩F ধারা (আয়কর আইন-২০২৩ এর ১০২ ধারা) অনুযায়ী সব ধরণের আমানতের সুদ/মুনাফার উপর নিম্নে উল্লিখিত ছক অনুযায়ী উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। ১ জুলাই ২০২২ হতে এ বিধান কার্যকর হয়েছে।

| SL no. | Types of the payee | Rate |
|---|---|---|
| 1 | Where the payee is a company | 20% |
| 2 | Where the payee is a person other than a company | 10% |
| 3 | Where the payee is a public university, or educational institution whose teachers are enlishted for Monthly Pay Order (MPO), Following the curriculum approved by the government and whose govrning body is also formed as per Government rules or regulations, or any professional institute established under any law and run by professional body of Chartered Accountants, Cost and Management Accounts or Chartered Secretaries | 10% |
| 4 | Where the payee is recognized provident fund, approved gratuity fund, approved superannuation fund or pension fund | 5% |

উল্লেখ্য যে, আমানতকারী ৭৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণক দাখিল/উপস্থাপনে ব্যর্থ হলে সব ধরনের আমানতের সুদ/মুনাফার উপর উল্লিখিত ছকে নির্ধারিত হারের অতিরিক্ত আরও ৫০% উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। উদাহরণস্বরূপ- কোম্পানী পর্যায়ের কোন আমানতকারী ৭৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণক দাখিল/উপস্থাপনে ব্যর্থ হলে প্রদেয় সুদ/মুনাফার উপর ২০% এর স্থলে ৩০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এতদবিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২০২৩/২৫ তারিখঃ ০৭.০৭.২০২২ এবং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২৩/৩৩২ তারিখঃ ২৫.১০.২০২২ দেখা যেতে পারে।

৩.০৯। <u>ভ্যাট ও উৎসে আয়কর কর্তন</u> ঃ

সকল শাখা/কার্যালয় কর্তৃক প্রদানকৃত সকল প্রকার সেবা/বিল হতে নিয়ম মোতাবেক যথারীতি প্রযোজ্য হারে ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করতে হবে। **কর্তনকৃত ভ্যাট ও উৎসে আয়কর প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ (০১০১) এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করতে হবে।** এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয় কর্তৃক কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে বিল প্রদান করা হয়ে থাকে, এসব বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করতে হবে।

এ বিষয়ে অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২২/৩(১২৫০) তারিখঃ ০১-০৭-২০২১, পত্র নং-প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২৩/২০৫ তারিখঃ ১৫.০৯.২০২২ এবং পত্র নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২০২২/৮২২ তারিখঃ ১৩-০৬-২০২২ এর মাধ্যমে জারিকৃত তালিকা অনুযায়ী ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়েছে (যা বিকেবি'র ওয়েব সাইটে দেয়া আছে)।

৩.১০ <u>ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর কর্তনকৃত মূসক (ভ্যাট)</u> ঃ

ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর ১৫% হারে মূসক (ভ্যাট) কর্তনপূর্বক যথানিয়মে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

৩.১১ <u>অন্যান্য খাত</u> ঃ

অন্যান্য যেমন, স্থানীয় ক্রয়, প্রিন্টিং, নিলাম বিজ্ঞপ্তি, মেরামত, ভাড়াকৃত গাড়ী ইত্যাদি (যদি থাকে) খাত হতে কর্তনকৃত ভ্যাট ও উৎসে করের খাত ও হার উল্লেখপূর্বক আলাদা এ্যাডভাইস বিবরণীসহ প্রেরণ করতে হবে।

চলমান পাতা-০৪

৩.১২। **আবগারী শুল্ক সংক্রান্ত নির্দেশনাবলী ঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, প্রজ্ঞাপন এসআরও নং ১৬২-আইন /২০২২/১৭৫-আবগারী, তারিখ ০১-০৬-২০২২ এবং অত্র বিভাগের ১৩-০৬-২০২২ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২০২২/৮২৩ এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের সাথে পরিচালিত ব্যাংক হিসাবে (আমানত ও ঋণ হিসাব) পঞ্জিকা বছরের যে কোন সময়ে স্থিতির (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) উপর নিম্নোক্ত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবে ঃ

**কার্যকারিতাঃ ০১-০৭-২০২২ হতে অব্যাহত**

| ক্র | প্রতি এ্যাকাউন্টে স্থিতির পরিমান | কর্তনযোগ্য আবগারী শুল্কের হার |
|---|---|---|
| ১। | ১,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | শূন্য |
| ২। | ১,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ১৫০/- |
| ৩। | ৫,০০,০০১/- টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৫০০/- |
| ৪। | ১০,০০,০০১/- টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৩,০০০/- |
| ৫। | ১,০০,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ১৫,০০০/- |
| ৬। | ৫,০০,০০,০০১/- টাকা থেকে তদূর্ধ্ব (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৫০,০০০/- |

উপরোক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট হিসাব হতে কর্তনকৃত আবগারী শুল্ক যথানিয়মে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
সূত্র নং- প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২০২২/৮২৩ তারিখঃ ১৩-০৬-২০২২

**বিঃদ্রঃ কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাবসমূহে ১.০০ লক্ষ টাকা পর্যন্ত স্থিতির ক্ষেত্রে আবগারী শুল্ক কর্তন অব্যাহতি প্রদান করা হয়েছে।**

সূত্র নং প্রকা/শানিব্যউবি-১(৪)/২০১০-১১/৮৭১(১২০০) তারিখঃ ০৬-০১-২০১১)।

৩.১৩। **উপরোক্ত অনুচ্ছেদ নং ৩.০৮ হতে ৩.১২ পর্যন্ত বিষয়ে কোন সার্কুলার এর জন্য NBR এর ওয়েবসাইট, www. nbr.gov.bd দেখা যেতে পারে। এর মধ্যে কোন বিষয়ে আরো অধিকতর স্পষ্টীকরণের জন্য অত্র বিভাগের সহকারী মহাব্যবস্থাপক জনাব আরিফুর রহমান (মোবাইল নং- ০১৭২৮৭৭১৩৮৩) অথবা মুখ্য কর্মকর্তা জনাব নাজমুল হুদা (মোবাইল নং-০১৯১১৫৫৮৯১৭) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

৩.১৪। **বিকেবি আন্তঃশাখা লেনদেনের সাধারণ হিসাবের উপর সুদ ধার্যকরণ (১১১০, ১১১১, ১১১৪, ১১১৫, ১১১৮ ও ১১১৯) ঃ**

বিকেবি আন্তঃশাখা লেনদেনের উপর ২৫.০৭.২০২২ তারিখের ডিএমডি(২) পরিপত্র নং-০৫/২০২২, ০১.০২.২০২৩ তারিখে জারিকৃত ডিএমডি(৩) পরিপত্র নং-০১/২০২৩ এবং ০৪.১২.২০২৩ তারিখে জারিকৃত হিসাব পরিপত্র নং-০৬/২০২৩ মোতাবেক সুদ ধার্য হবে। **সাধারণ হিসাবসমূহের উপর নীটিং পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে CBS এ সুদ হিসাবায়ন হবে এবং এর জন্য শাখাসমূহের কোন এ্যাডভাইস প্রেরণ করতে হবে না।**

৩.১৫। **শাখাসমূহের আইসিটি সিস্টেমস বিভাগ এর নির্দেশনা পরিপালন ঃ**

এতদবিষয়ে আইসিটি সিস্টেমস বিভাগ কর্তৃক জারীকৃত অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ডিসেম্বর/২০২৩ এ শাখাসমূহের করণীয়-নির্দেশনাবলী প্রদান করা হবে যা পরিপালন করতে হবে।

৩.১৬। **ব্যয় হিসাব ঃ**

জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সকল ব্যয় সঠিক উপ-খাতে অন্তর্ভূক্ত করতে হবে। ডিসেম্বর/২০২৩ পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি যেমনঃ অফিস ভাড়া, বিদ্যুৎ, পানি টেলিফোন, মোবাইল ও ইন্টারনেট বিল বকেয়া থাকলে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে সংশ্লিষ্ট ব্যয় খাতকে ডেবিট ও প্রদেয় হিসাব খাতকে ক্রেডিট করে স্থানান্তর ভাউচার করতে হবে এবং ১ জানুয়ারী ২০২৪ তারিখে উক্ত ভাউচার রিভার্স করতে হবে।

৩.১৭। **নিয়ন্ত্রণকারী কার্যালয় ও অডিট অফিসসমূহের খরচ প্রধান কার্যালয়ে প্রেরণ ঃ**

নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ (বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়) এবং অডিট অফিসসমূহের (বিভাগীয় নিরীক্ষা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়) ০১.০৭.২০২৩ হতে ৩১.১২.২০২৩ তারিখ পর্যন্ত বেতন ভাতা ও অন্যান্য খরচ প্রদানকারী শাখা কর্তৃক খরচ অটোমেশনের আওতায় ১১১০ এর মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ নিয়ে আসা হবে।

**বিঃদ্রঃ এ্যাডভাইস এবং খরচের বিবরণী প্রেরণ করার প্রয়োজন নেই।**

চলমান পাতা-০৫

৩.১৮। <u>ঋণ ও অগ্রিমের সুদ</u> ঃ

এতদবিষয়ে ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগ কতৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসরণপূর্বক সঠিকভাবে সুদ হিসাবায়ন করতে হবে। দৈনিক স্থিতির প্রোডাক্টের উপর নির্দিষ্ট হারে সকল প্রকারের ঋণ ও অগ্রিমের সুদ কষে (কেবলমাত্র সুদারোপযোগ্য ঋণ হিসাবের ক্ষেত্রে) উহা আয় হিসাব/ঋণের উপর সুদ (৪৬/...) খাতে ক্রেডিট করে প্রাপ্য হিসাব/বিবিধ উপ-খাতে (১৩১...) ডেবিট করতে হবে। নগদ ব্যবসায়ী ঋণ ও অন্যান্য বিশেষ ধরণের ঋণের সুদ প্রচলিত নির্দেশ মোতাবেক কষতে হবে।

৩.১৯। <u>মনোহারী ও সরবরাহ হিসাব</u> ঃ

৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত শাখা কর্তৃক ব্যবহৃত মনোহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন হিসাবের বহি, রেজিস্টার ও অন্যান্য মুদ্রিত ফরমের খরচ ১৩৩/২১-এ ডেবিট করতঃ বিপরীতক্রমে মনোহারী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে।

৩.২০। <u>জড় দ্রব্যাদি</u> ঃ

সম্পূরক খতিয়ানের স্থিতি অনুসারে সম্পাদিত অবচয় নির্দিষ্ট হারে হিসাব করে উহা ১৩৩/--- উপ-খাতে ডেবিট এবং প্রদেয় হিসাব/বিবিধ উপ-খাতে ক্রেডিট করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে তা <u>রিভার্স</u> করতে হবে। বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং বিকেবি, ট্রেনিং ইনষ্টিটিউটের সম্পাদিত অবচয় সংশ্লিষ্ট শাখাসমূহের ব্যয় অনুরূপভাবে হিসাবভুক্ত করে পরবর্তী কার্যদিবসে তা <u>রিভার্স</u> করতে হবে (সূত্র ঃ হিসাব ম্যানুয়েল অনুচ্ছেদ ১৪.১৪)।

৩.২১। <u>লাভ-ক্ষতির হিসাব</u> ঃ

৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রস্তুতকৃত শাখার লাভ/ক্ষতি হিসারেব স্থিতি ডেবিট ও ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে প্রধান কার্যালয়ে পাঠানোর প্রয়োজন নেই।

৩.২২। <u>১৩১-আদায়যোগ্য হিসাব</u> ঃ

১৩১-আদায়যোগ্য হিসাব/সাসপেন্স হিসাবে ১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি যৌক্তিক কারণ ব্যতীত অনিস্পন্ন রাখা যাবে না। এক বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিস্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।

৩.২৩। <u>৪১-প্রদেয় হিসাব</u> ঃ

প্রদেয় হিসাব খাতের অনিস্পন্ন এন্ট্রিসমূহ নিস্পন্নের জন্য শাখা ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন যাতে করে হিসাব সমাপনী শেষে শাখায় কোন অনিস্পন্ন এন্ট্রি না থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের রাখা যাবে না।

৩.২৪। <u>এক্স-এ্যাডভাইস সমন্বয়করণ</u> ঃ

এক্স-এ্যাডভাইস (যথাঃ ১৩১৬ ও অন্যান্য খাতে) হিসাবভুক্ত অর্থ দ্রুত সমন্বয় করতে হবে। এ খাতে ১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন অসমন্বিত এন্ট্রি রাখা যাবে না। উক্ত খাতে ১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিস্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।

৩.২৫। <u>বদান্য তহবিল</u> ঃ

বেতন থেকে কর্তনকৃত বদান্য তহবিলের অর্থ ৪১/২১ খাতে সংরক্ষণ করতে হবে এবং মাসিক হিসাব সমাপনীতে যথারীতি অটোমেশনের আওতায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) (কোড-০১০৩) এ স্থানান্তরিত হবে।

**বদান্য তহবিল থেকে শাখা কতৃক ১৩১/২৫ খাতের মাধ্যমে প্রদানকৃত মাসিক অনুদানের অর্থ ২০.১২.২০২৩ তারিখে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) বরাবর (কোড-০১০৩) ডেবিট এ্যাডভাইস প্রেরণ করতে হবে।**

সূত্রঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এর পত্র নং- প্রকা/হিসাব-২ঃ(কঃকঃ)৩/০৮/২০২২-২০২৩/১৩৭০ তারিখ-০৩.০৪.২০২৩

চলমান পাতা-০৬

৩.২৬। অবসরপ্রাপ্তদের প্রদত্ত মাসিক পেনশন ঃ

অটোমেশনের আওতায় কেন্দ্রীয়ভাবে পেনশন প্রদান করা হয় বিধায় শাখা থেকে পেনশন প্রদান কার্যক্রম রহিত করা হয়েছে। সূত্র নং- কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এর পত্র নং- প্রকা/হিসাব(শাখা-২)২:১৮(পেনশন)/২০২২-২০২৩/৮৮৫ তারিখঃ ০৭.০২.২০২৩

৩.২৭। ঋণ অবলোপন, শ্রেণীকৃত ঋণের উপর সুদারোপ ঃ

ক. ঋণ অবলোপন এর হিসাবায়ন ও তথ্য সংরক্ষণে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ১৬-০৮-২০০৩ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২০/২০০৩ এবং ঋণ আদায় বিভাগের ২৯-০৮-২০২৩ তারিখের পত্র নং-প্রকা/আদায়-২(১)/অবলোপন/২০২৩-২০২৪/১৪৮ এবং ০২-১০-০৭ তারিখের পত্র নং- প্রকা/আদায়-১১(২)/০৭-০৮/৭৯১(১২৫০) যথাযথাভাবে অনুসরণ করতে হবে। অত্র বিভাগের ০৪-০৮-০৫ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৫)হিঃপ/ ০৫-০৬/২৭৯ এর নির্দেশনা অনুযায়ী অবলোপনকৃত ঋণ আদায় হলে তা শাখার ঋণের সংশ্লিষ্ট সুদ আয় খাতে ক্যাশ ডেবিট ভাউচারের মাধ্যমে আদায় করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে সমপরিমাণ টাকা দ্বারা কন্ট্রা হিসাব খাত ৬১১-ঋণ অবলোপন কে ডেবিট এবং ১২১১-ঋণ অবলোপন খাতকে ক্রেডিট করে একটি স্থানান্তর ভাউচার করতে হবে।

খ. ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ৩১-১২-২০২৩ তারিখ ভিত্তিক ৫৬তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণ সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা এবং এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা মোতাবেক প্রযোজ্যতা অনুযায়ী শ্রেণীবিন্যাসকরণ এবং এসএমএ ঋণের উপর আরোপিত সুদ বিধি অনুযায়ী আয় খাতে ও এসএস/ডিএফ ঋণের উপর আরোপিত সুদ ৫২-স্থগিত সুদ খাতে হিসাবভুক্ত করতে হবে। তাছাড়া মন্দ ও ক্ষতি (BL) শ্রেণীকৃত ঋণ হিসাবে সুদ আরোপ বন্ধ থাকবে।

০৪। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর পর শাখাসমূহ নিম্নবর্ণিত তালিকা অনুযায়ী তথ্য সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় পরবর্তীতে নির্ধারিত সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে। শাখা কর্তৃক সমাপনী প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। তবে এলপিওসহ কর্পোরেট শাখাসমূহ সরাসরি প্রধান কার্যালয়েতথ্য প্রেরণ নিশ্চিত করবে।

অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন ও বিবরণী প্রেরণের নির্দেশনা ঃ

ই-মেইল এড্রেসঃ dgmaccounts1@krishibank.org.bd

| ক্রঃ | বিবরনী ৩১.১২.২০২৩ তারিখ ভিত্তিক | শাখা কর্তৃক মুআকা/আকায় পৌছানোর শেষ তারিখ | মুআকা/আকা, বিভাগীয় কার্যালয় ও কর্পোরেট শাখা (প্রযোজ্যতা অনুযায়ী) হতে প্রকায় পৌছানোর শেষ তারিখ | প্রধান কার্যালয়ে পৌছানোর মাধ্যম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | অবস্থার প্রতিবেদন (সংযুক্তি-excel file) | ০২.০১.২৪ | শাখার একীভূত বিবরণীর সফটকপি ০৩.০১.২৪ এর মধ্যে প্রেরণ করবেন। | ই-মেইল যোগে | অবস্থার প্রতিবেদনে প্রদর্শিত তথ্য অবশ্যই CBS এর সাথে মিল থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। |

০৫। বর্ণিত নির্দেশনার কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব মোহাম্মদ খোরশেদ ইবনে আলী (মোবাইলঃ ০১৬৭৫-৯৬৪০০০) অথবা কর্মকর্তা মোঃ রাশেদ করিম (মোবাইলঃ ০১৬৮০০-৯০৬৪৭) এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি ঃ বর্ণনামতে।

১৪.১২.২০২৩

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক

চলমান পাতা-০৭

নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০২৩-২০২৪/৪৫৯(১২৫০) তারিখঃ ১৪.১২.২০২৩

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
০৫। **<u>অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা</u>** ঃ অর্ধ-বার্ষিক হিসাব সমাপণী ডিসেম্বর, ২০২৩ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী যথাসময়ে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। **<u>সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা</u>** ঃ সংশ্লিষ্ট বিভাগের সাথে সম্পর্কিত ২০২৩-২০২৪ অর্থবছরের যাবতীয় খরচ/নগদ অগ্রিম বিমোচিতকরণ এবং সকল আদায়যোগ্য অর্থ আদায়করন ও সমন্বয় সাধন ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। বিভিন্ন বিভাগে ধারণকৃত সকল নগদ ও ডাক মাসুল বাবদ অর্থ অত্র বিভাগের বিল শাখা হতে ভাউচার করে স্থানীয় মুখ্য কার্যালয়ে বছরের শেষ কর্মদিবসে জমা করবেন।
<u>ঋণ শ্রেনীবিন্যাস বিভাগ</u> ঃ ৩১.১২.২০২৩ তারিখ ভিত্তিক ঋণ শ্রেনীবিন্যাসিত বিবরণী (CL-1) ২১.০১.২০২৪ তারিখের মধ্যে বিভাগে প্রেরণ করবেন।
০৭। **উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে অত্র পরিপত্রটি ব্যাংকের website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৮। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
১১। নথি/মহানথি

১৪.১২.২০২৩

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক